- Ⓐ ২                      Ⓑ ৩                      Ⓒ ৪                      Ⓓ ৫

২. স্বরবর্ণগুলোকে একত্রে না রেখে 'Daughter' শব্দটিকে কতভাবে সাজানো যাবে?  
 Ⓐ ২৪০০                      Ⓑ ৪৩২০০                      Ⓒ ২৯০০০                      Ⓓ ৩৬০০০

৩. ৭ জন লোক একটি সোল টেবিলের চারপাশে কতভাবে বসতে পারে।  
 Ⓐ ৬৪০                      Ⓑ ৭০০                      Ⓒ ৭১০                      Ⓓ ৭২০

৪. 'APPLE' শব্দটিকে কত প্রকারে সাজানো যাবে যেখানে P দুটি একত্রে থাকবে না?  
 Ⓐ ২০                      Ⓑ ২৪                      Ⓒ ৩২                      Ⓓ ৩৬

৫. Find the value of:  ${}^5 P_0, {}^8 P_8, {}^6 P_2, {}^7 P_3, 0!, \frac{10!}{7!}$

উত্তর:  ${}^5 P_0 = 1$ ;  ${}^8 P_8 = 40320$ ;  ${}^6 P_2 = 30$ ;  ${}^7 P_3 = 210$ ;  $0! = 1$ ;  $\frac{10!}{7!} = 720$

৬. Logarithm শব্দের সবগুলো বর্ণ নিয়ে কতগুলো শব্দ গঠন করা যাবে?                      উত্তর: 9!

৭. ঢাকা থেকে সিলেট রুটে প্রতিদিন ৫টি বিমান চলে। উক্ত স্থান দুটিতে কতভাবে যাতায়াত করা যায়?                      উত্তর: ১৬

৮. HARYANA শব্দটি কতভাবে সাজানো যায়, যাতে H এবং N একত্রে থাকবে।                      উত্তর: ২৪০

৯. ৩, ১, ৭, ০, ৯, ৫ অঙ্কগুলো দ্বারা ছয় অঙ্কের কতগুলো অর্ধপূর্ণ সংখ্যা গঠন হবে যেখানে অঙ্কগুলোর পুনরাবৃত্তি হবে না?                      উত্তর: ৬০০

১০. ১, ২, ৩, ৪, ৫, ৬ দ্বারা ৩ অঙ্কবিশিষ্ট কতগুলো সংখ্যা গঠন করা যাবে যারা ৫ দ্বারা বিভাজ্য হবে যেখানে অঙ্কগুলোর পুনরাবৃত্তি হবে না?                      উত্তর: ২০

১১. 6 জন লোককে একটি গোল টেবিলে কতভাবে বসানো যায় সভাপতির আসন নির্দিষ্ট রেখে। উত্তর :  $6! = 720$

১২. 10টি বিভিন্ন ধরনের মুক্তা দিয়ে কতভাবে মুক্তার হার তৈরি করা যায়? উত্তর :  $\frac{9!}{2}$

১৩. 3টি পোস্ট বক্সে 4টি চিঠি কতভাবে ফেলানো যায়? উত্তর :  $3^4$  ভাবে

১৪. 8 জন প্রার্থী ৫ জন ভোটারের মাধ্যমে কতভাবে নির্বাচিত হতে পারে? উত্তর :  $4^5$  ভাবে

১৫. ঢাকা হতে সিলেটে প্রতিদিন 4টি ট্রেন যাতায়াত করে। একজন ব্যক্তি কতভাবে ট্রেনে ঢাকা থেকে সিলেটে যেয়ে আবার ঢাকায় ফিরে আসতে পারে? উত্তর : 16

১৬. Commerce শব্দের সবগুলো বর্ণ নিয়ে কতগুলো শব্দ গঠন করা যাবে? উত্তর : 5040

১৭. Parallel শব্দের বিন্যাস কত? উত্তর : 3360

১৮. স্বরবর্ণগুলো একত্রে রেখে বিন্যাস কত? উত্তর : 360

১৯. স্বরবর্ণগুলো একত্রে না রেখে বিন্যাস কত? উত্তর : 3000

২০. SCIENCE শব্দের স্বরবর্ণগুলো একত্রে নিয়ে বিন্যাস সংখ্যা কত? উত্তর : 180

২১. Arrange শব্দটির অক্ষরগুলো কত প্রকারে সাজানো যায় যাতে দুটি r ও দুটি a একত্রে থাকবে? উত্তর : 144

২২. 'Immediate' শব্দটিকে কত প্রকারে সাজানো যাবে, যেখানে প্রথমে t ও শেষে a থাকবে? উত্তর : 630

২৩. TRIANGLE এর বর্ণগুলো ঘারা কতভাবে সাজানো যায় যাতে-  
i. T দিয়ে শুরু ii. E দিয়ে শুরু  
iii. T দিয়ে শুরু E দিয়ে শেষ iv. T এবং E শেষে থাকবে  
উত্তর : i. 7!; ii. 7!; iii. 6!; iv.  $6! \times 2!$

২৪. LOGARITHM শব্দ হতে প্রতিবার 4টি বর্ণ নিয়ে কতটি শব্দ গঠন করা যাবে? উত্তর : 3024

২৫. 2, 5, 3, 7, 9, 6 অঙ্কগুলো ঘারা 3 অঙ্কবিশিষ্ট কতগুলো ভিন্ন সংখ্যা গঠন হবে যেখানে অঙ্কগুলোর পুনরাবৃত্তি হবে না? উত্তর : 120

২৬. 9, 8, 7, 6, 5 অঙ্কগুলো পুনরাবৃত্তিহীন ব্যবহার করে তিন অঙ্কের কতগুলো সংখ্যা গঠন করা যায়? উত্তর : 125

২৭. ৫টি আঙ্গুলে ৭টি আঙুটি কত উপায়ে পড়া যেতে পারে? উত্তর :  $5^7$  ভাবে

২৮. 6 জন পুরুষ এবং 6 জন স্ত্রীকে একটি গোল টেবিলে কতভাবে বসানো যায়? উত্তর : 11!

২৯. ঢাকা হতে সিলেটে প্রতিদিন 10টি বাস যায় এবং সিলেটে হতে জাফলং প্রতিদিন 7টি বাস যায়। তাহলে একজন কতভাবে ঢাকা হতে জাফলং যেতে পারে? উত্তর : 70

### Lecture-9

#### সমাবেশ (Combination)

সমাবেশ সংক্রান্ত সূত্র

a. n সংখ্যক বিভিন্ন জিনিস থেকে প্রত্যেকবার r সংখ্যক জিনিস নিয়ে যতগুলি সমাবেশ হতে পারে, তার সংখ্যা (যেখানে  $n \geq r$ ) =  ${}^n C_r$

b. n সংখ্যক বিভিন্ন জিনিস থেকে প্রতিবার r সংখ্যক জিনিস নিয়ে সমাবেশ সংখ্যা যাতে p সংখ্যক নির্দিষ্ট জিনিস সর্বদাই অন্তর্ভুক্ত থাকবে =  ${}^{n-p} C_{r-p}$

c. আবার, p সংখ্যক নির্দিষ্ট জিনিস সর্বদা বাদ দিলে সমাবেশ সংখ্যা =  ${}^{n-p} C_r$

d. n সংখ্যক বস্তু সমান pটি দল বা গ্রুপে বিভক্ত করার উপায় যেখানে প্রতিভাগে বস্তুর সংখ্যা x

মোট বস্তু! =  $\frac{n!}{(p!)^x (x!)^p}$

(দল সংখ্যা)! (প্রতি দলে বস্তুর সংখ্যা)!

e. আবার n সংখ্যক বস্তু p সংখ্যক ব্যক্তির মধ্যে বন্টন করার উপায় যেখানে মোট বস্তু!

প্রতিভাগে বস্তুর সংখ্যা x =  $\frac{n!}{(x!)^p}$  ব্যক্তি সংখ্যা

(প্রতি ভাগে বস্তুর সংখ্যা)!

$= \frac{n!}{(x!)^p}$

f. একটি বহুভুজের n সংখ্যক কৌণিক বিন্দু দ্বারা-

a. বাহু গঠন করার উপায় = n

b. ত্রিভুজ গঠন করার উপায় =  ${}^n C_3$

c. কর্ণ গঠন করার উপায় =  ${}^n C_2 - n$

g. n সংখ্যক ব্যক্তি নিজেদের মধ্যে করমর্দন করতে পারে =  ${}^n C_2$  উপায়ে।

h. সম্পূর্ণ সমাবেশের ক্ষেত্রে,  ${}^n C_r = {}^n C_{n-r}$  হলে,  $r = n - r$  এবং  $n = (n - r) + r$

i.  ${}^n C_r + {}^n C_{r-1} = {}^{n+1} C_r$

j.  ${}^n C_r = \frac{n!}{(n-r)! r!}$  যেমন-  ${}^8 C_3 = \frac{8!}{(8-3)! 3!}$

k.  ${}^n C_0 = \frac{n!}{(n-0)! 0!} = \frac{n!}{n!} = 1$

l.  ${}^n C_1 = n$ ,  ${}^n C_2 = \frac{n(n-1)}{2!}$

m.  ${}^n C_3 = \frac{n(n-1)(n-2)}{3!}$

n.  ${}^n C_r = {}^n C_s$  হলে,  $n = r + s$

### অনুশীলনী

১. ৮ জন লোক প্রত্যেকে প্রত্যেকের সাথে করমর্দন করলে করমর্দনের সংখ্যা কত হবে?  $\textcircled{28}$   $\textcircled{8}$   $\textcircled{16}$   $\textcircled{28}$

২. একজন লোকের ৬ জন বন্ধু আছে। তিনি কত উপায়ে তার এক বা একাধিক বন্ধুকে নিমন্ত্রণ করতে পারবেন?  $\textcircled{28}$   $\textcircled{63}$   $\textcircled{16}$   $\textcircled{24}$

৩. 14 জন খেলোয়াড়ের মধ্যে থেকে নির্দিষ্ট একজন অধিনায়কসহ 11 জনের একটি ক্রিকেট দল কতভাবে বাছাই করা যাবে?  $\textcircled{728}$   $\textcircled{286}$   $\textcircled{364}$   $\textcircled{1001}$

৪. ৫ জন পুরুষ ও ৪ জন মহিলার একটি দল থেকে একজন পুরুষ ও দুইজন মহিলা নিয়ে কত প্রকারে একটি কমিটি গঠন করা যাবে? [8১তম বিসিএস]  $\textcircled{10}$   $\textcircled{15}$   $\textcircled{25}$   $\textcircled{30}$

৫. একটি অনুষ্ঠানে কিছু লোক উপস্থিত ছিল। তারা কেবল একজন মাত্র একজনের সাথে একবার করমর্দন করতে পারবে। যদি করমর্দনের সংখ্যা 300 হয়, তাহলে ঐ অনুষ্ঠানে কতজন লোক ছিল? [৪৩তম বিসিএস]  $\textcircled{24}$   $\textcircled{25}$   $\textcircled{30}$   $\textcircled{60}$

৬. 'Motherland' শব্দটি হতে ৩টি ব্যঞ্জনবর্ণ ও ২টি স্বরবর্ণকে একত্রে নিয়ে সন্ধ্যা কত উপায়ে বাছাই করা যাবে?  $\textcircled{85}$   $\textcircled{92}$   $\textcircled{105}$   $\textcircled{110}$

৭. 10টি জিনিসের মধ্যে 2টি এক জাতীয় এবং বাকিগুলো ভিন্ন ভিন্ন জিনিস। ঐ জিনিসগুলো থেকে প্রতিবারে 5টি নিয়ে কত প্রকারে বাছাই করা যায়? [৩৭তম বিসিএস]  $\textcircled{170}$   $\textcircled{182}$   $\textcircled{190}$   $\textcircled{192}$

৮. ৬ খেলোয়াড়কে সমান সংখ্যক দুইটি দলে কতভাবে বিভক্ত করা যায়? [৪০তম বিসিএস]  $\textcircled{10}$   $\textcircled{20}$   $\textcircled{60}$   $\textcircled{120}$

৯. একটি বাস্তব ৪টি সাদা এবং ৬টি কালো বল আছে। কত ভিন্নভাবে 3টি সাদা ও 2টি কালো বল পছন্দ করা যাবে? উত্তর : 840

১০. 20 সদস্য বিশিষ্ট একটি ফুটবল দল হতে 1 জন অধিনায়ক ও 1 জন সহ-অধিনায়ক কতভাবে নির্বাচন করা যাবে? উত্তর : 380

১১. কোনো পরীক্ষায় কৃতকার্য হতে 4টি বিষয়ের প্রত্যেকটিতেই ন্যূনতম নম্বর পেতে হয়। একজন ছাত্র কতভাবে ফেল করতে পারে? উত্তর : ১৫ ভাবে

১২. 7টি বাহু বিশিষ্ট একটি সমতল বহুভুজের কৌণিক বিন্দুগুলো ঘারা মোট কতটি ত্রিভুজ আঁকা যাবে? উত্তর : 35

১৩. 9টি প্রশ্ন থেকে 6টি প্রশ্ন কত উপায়ে পছন্দ করা যায় যাতে? উত্তর : 35

a. প্রথম ও দ্বিতীয় প্রশ্ন সর্বদা থাকবে। উত্তর : 28

b. প্রথম প্রশ্ন সর্বদা থাকবে না।

১৪. কোনো পরীক্ষায় একজন প্রার্থীকে 15টি প্রশ্নের মধ্যে থেকে 10টি প্রশ্ন নির্বাচন করতে হবে। যদি প্রথম প্রশ্ন আবশ্যিক করে দেওয়া থাকে, তবে কত উপায়ে 10টি প্রশ্নের উত্তর দিতে পারবে? উত্তর : 2002

১৫. THESIS শব্দের অক্ষর থেকে প্রতিবার 4টি করে অক্ষর নিয়ে মোট কতভাবে বাছাই ও সাজানো যায়? উত্তর : 11 ও 192 ভাবে

১৬. America শব্দের অক্ষর থেকে প্রতিবার 3টি করে অক্ষর নিয়ে মোট কতভাবে বাছাই ও সাজানো যায়? উত্তর : 25 ও 135 ভাবে

১৭. DEGREE শব্দটি থেকে প্রতিবার 8টি করে বর্ণ নিয়ে কতগুলো শব্দ বাছাই ও সাজানো যায়? উত্তর : 7 ও 72

১৮. একজন পরীক্ষার্থীকে 12টি প্রশ্ন হতে 6টি প্রশ্নের উত্তর করতে হবে। প্রথম 5টি থেকে 4টি প্রশ্ন বাছাই করে কত প্রকারে 6টি প্রশ্ন উত্তর করা যাবে? উত্তর : 105

১৯. একটি দাবা প্রতিযোগিতায় 6 জন প্রতিযোগী একে অপরের সাথে 1 বার করে খেলবে। প্রতিযোগিতায় মোট কতটি খেলা অনুষ্ঠিত হবে? উত্তর : 15

২০. একটি কমিটির মিটিং শেষে প্রত্যেক সদস্য একে অপরের সাথে করমর্দন করে। মোট করমর্দন সংখ্যা 6 হলে, উপস্থিত সদস্য কত ছিল? উত্তর : 4

২১. একটি সভায় প্রত্যেক সদস্য একে অপরের সাথে শুভেচ্ছা বিনিময় করলে দেখা যায় মোট শুভেচ্ছা বিনিময়ের সংখ্যা 45, সদস্য কত ছিল? উত্তর : 10

২২. কোনো প্রতিযোগিতামূলক পরীক্ষায় প্রতিটির বিকল্পসহ ৩টি প্রশ্ন থেকে এক বা একাধিক প্রশ্ন কতভাবে বাছাই করা যায়? উত্তর : ২৬

২৩. 12টি বিন্দুর মধ্যে 7টি বিন্দু একই লাইনে থাকলে ত্রিভুজের সংখ্যা কত হবে? উত্তর : 185

২৪. 10 বাহু বিশিষ্ট সুস্থ বহুভুজের কর্ণসংখ্যা কতটি? উত্তর : 35

২৫. 4 জন মহিলা ও 6 জন পুরুষের মধ্য থেকে 4 সদস্যবিশিষ্ট একটি উপ-কমিটি গঠন করতে হবে যাতে 1 জন নির্দিষ্ট পুরুষ সর্বদাই উপস্থিত থাকবেন। কত প্রকারে ঐ কমিটি গঠন করা যেতে পারে? [৩৮তম বিসিএস] উত্তর : 84

২৬. 6 জন বালক এবং 4 জন বালিকা থেকে 5 জন নির্বাচন করা হবে। 2 জন বালিকাকে ঠিক রেখে কতভাবে নির্বাচন করা যাবে? উত্তর : 56

২৭. 7 জন পুরুষ ও 6 জন মহিলার একটি দল হতে 5 সদস্যের একটি কমিটি কতভাবে নির্বাচিত করা যায় যাতে সব সময় কমিটিতে অন্তত 3 জন পুরুষ থাকে? উত্তর : 756

২৮.  ${}^{18} C_r = {}^{18} C_{r+2}$  হলে, r এর মান কত? উত্তর : 8

### Lecture-10: সম্ভাব্যতা (Probability)

#### অনুশীলনী

১. একটি ধলিতে ৬টি নীল বল, ৪টি সাদা বল এবং 10টি কালো বল আছে। দৈবভাবে একটি বল তুললে সেটি সাদা না হবার সম্ভাবনা কত? [৩৭তম বিসিএস]

$\textcircled{\frac{1}{3}}$   $\textcircled{\frac{1}{3}}$   $\textcircled{\frac{3}{4}}$   $\textcircled{\frac{1}{4}}$

২. ১ থেকে 88০ পর্যন্ত সংখ্যাগুলোর একটি দৈবচয়ন পদ্ধতিতে নেওয়া হলে, সংখ্যাটি বর্গসংখ্যা হওয়ার সম্ভাবনা? [৪১তম বিসিএস]

$\textcircled{\frac{1}{22}}$   $\textcircled{\frac{1}{68}}$   $\textcircled{\frac{1}{60}}$   $\textcircled{\frac{2}{66}}$

৩. A এবং B দুটি ঘটনা যেন,  $P(A) = \frac{1}{2}$ ,  $P(A \cap B) = \frac{3}{4}$  এবং  $P(B^c) = \frac{5}{8}$

।  $P(A \cap B^c)$  কত?

$\textcircled{\frac{1}{8}}$   $\textcircled{\frac{1}{6}}$   $\textcircled{\frac{1}{4}}$   $\textcircled{\frac{1}{2}}$

৪.  $P(A) = \frac{1}{3}$ ,  $P(B) = \frac{3}{4}$ , A ও B স্বাধীন হলে,  $P(A \cup B)$  এর মান কত? [৪৪তম বিসিএস]

$\textcircled{\frac{3}{4}}$   $\textcircled{\frac{1}{3}}$   $\textcircled{\frac{5}{6}}$   $\textcircled{\text{কোনোটাই নয়}}$

৫. 29 থেকে 38 পর্যন্ত সংখ্যা হতে যে-কোনো একটিকে ইচ্ছামতো বেছে নিলে সেটি মৌলিক হওয়ার সম্ভাবনা কত? [৪৫তম বিসিএস]

$\textcircled{\frac{1}{2}}$   $\textcircled{\frac{1}{3}}$   $\textcircled{\frac{3}{10}}$   $\textcircled{\frac{7}{10}}$

৬. একটি মুদ্রা টস করা হলে, Tail আসার সম্ভাবনা কত? উত্তর :  $\frac{1}{2}$

৭. বৃষ্টি হওয়ার সম্ভাবনা 40% তাহলে প্রথম দিন বৃষ্টি হবে কিন্তু দ্বিতীয় দিন বৃষ্টি না হওয়ার সম্ভাবনা কত? উত্তর : 0.24

৮. 1 থেকে 20 পর্যন্ত ক্রমিক নম্বর অনুযায়ী চিহ্নিত করা 20টি গুটি থেকে একটি গুটি দৈবক্রমে উঠালে গুটিটি

i. জোড় ii. বিজোড়

iii. পাঁচ ঘারা বিভাজ্য iv. ১৫ এর চেয়ে বড় হওয়ার সম্ভাবনা কত? উত্তর : i.  $\frac{1}{2}$ ; ii.  $\frac{1}{2}$ ; iii.  $\frac{1}{5}$ ; iv.  $\frac{1}{4}$

৯. 1 থেকে 99 পর্যন্ত সংখ্যাগুলো থেকে দৈবচয়ন পদ্ধতিতে একটি সংখ্যা নেওয়া হলে। সংখ্যাটি-

i. বর্গসংখ্যা হওয়ার সম্ভাবনা কত? উত্তর : i.  $\frac{1}{11}$ ; ii.  $\frac{10}{11}$

১০. ৫২টি ডাস হতে একটি ডাস দৈবক্রমে তুললে তাসটি-

i. লাল ii. টেকা

iii. রুইন হওয়ার সম্ভাবনা কত? উত্তর : i.  $\frac{1}{2}$ ; ii.  $\frac{1}{13}$ ; iii.  $\frac{1}{4}$

১১. 30 থেকে 40 পর্যন্ত সংখ্যা থেকে যে-কোনো একটিকে ইচ্ছামত নিলে যে-কোনো একটিকে ইচ্ছামত নিলে সে সংখ্যাটি মৌলিক অথবা 5 এর গুণিতক হওয়ার সম্ভাবনা কত? [৩৮তম বিসিএস] উত্তর :  $\frac{5}{11}$

১২. 52টি ডাস হতে একটি ডাস দৈবক্রমে তুললে তাসটি হরত অথবা টেকা হবার সম্ভাবনা কত? উত্তর :  $\frac{4}{13}$

১৩. একটি বাস্তব 10টি নীল ও 15টি লাল মার্বেল আছে। একটি বালক যখন খুশি টেনে প্রতিবারে একটি করে পরপর দুইটি মার্বেল উঠালে মার্বেল দুটি-

i. একই রংয়ের

ii. ভিন্ন রংয়ের উঠার সম্ভাবনা কত? উত্তর : i.  $\frac{1}{2}$ ; ii.  $\frac{1}{2}$

১৪. খিয়াকোর চাকা হতে ফেনীতে বাসে যাওয়ার সম্ভাবনা  $\frac{3}{5}$  এবং ফেনী হতে

জোলা লঞ্জে যাওয়ার সম্ভাবনা  $\frac{2}{7}$  তবে-

a. ফেনী বাসে না যাওয়ার এবং জোলা লঞ্জে না যাওয়ার সম্ভাবনা কত?

b. ফেনী বাসে যাওয়া এবং জোলা লঞ্জে না যাওয়ার সম্ভাবনা কত?

c. ফেনী বাসে না যাওয়া এবং জোলা লঞ্জে যাওয়ার সম্ভাবনা কত? উত্তর : a.  $\frac{2}{7}$ ; b.  $\frac{3}{7}$ ; c.  $\frac{4}{35}$

১৫. একটি মুদ্রা 3 বার নিক্ষেপ করলে উপরের পিঠে

i. 2 বার হেড

ii. সর্বোচ্চ 2 বার টেল আসার সম্ভাবনা কত? উত্তর : i.  $\frac{3}{8}$ ; ii.  $\frac{7}{8}$

১৬. একটি ছক 2 বার নিক্ষেপ করলে উপরের পিঠে যোগফল 9 আসার আসার সম্ভাবনা কত? উত্তর :  $\frac{1}{9}$

১৭. একটি পাত্রে 10টি সবুজ ও 90টি সাদা মার্বেল আছে। যদি একটি মার্বেল উঠানো হয় তবে সাদা হওয়ার সম্ভাবনা কত? উত্তর :  $\frac{9}{10}$
১৮. ঢাকা আবহাওয়া অফিসের রিপোর্ট অনুযায়ী ২০১৪ সালে মার্চ মাসের ২য় সপ্তাহে বৃষ্টি হয়েছে মোট ৪ দিন। ঐ সপ্তাহে শনিবার বৃষ্টি না হওয়ার সম্ভাবনা কত? উত্তর :  $\frac{3}{7}$
১৯. একটি ছক্কা একবার নিক্ষেপ করলে উপরের পিঠে ৪ না আসা সম্ভাবনা কত? উত্তর :  $\frac{5}{6}$
২০. কোন এক অঞ্চলে দেখা গেল 10 জন ইডেফাক, 4 জন যুগান্তর এবং 7 জন ইনকিলাব পত্রিকা পড়ে। এদের মধ্য হতে একজনকে দৈবভাবে নির্বাচন করলে তিনি যুগান্তর পড়েন না এর সম্ভাবনা কত? উত্তর :  $\frac{17}{21}$
২১. একটি বাস্ত্রে 3টি সাদা, ৪টি কালো ও 5টি নীল বল আছে। দৈবক্রমে একটি বল তুললে বলটি সাদা বা কালো হওয়ার সম্ভাবনা কত? উত্তর :  $\frac{7}{12}$
২২. 40 থেকে 50 পর্যন্ত সংখ্যাগুলো হতে দৈবচয়ন পদ্ধতিতে একটি সংখ্যা নেওয়া হলে, সেটি মৌলিক সংখ্যা অথবা 5 এর গুণিতক হওয়ার সম্ভাবনা কত? উত্তর :  $\frac{6}{11}$
২৩. 52 খান তাদের মধ্যে 4টি টেক্সা আছে দৈবক্রমে উঠালে একটি টেক্সা না পাওয়ার সম্ভাবনা কত? উত্তর :  $\frac{12}{13}$
২৪. একটি পাত্রে 4টি সাদা এবং 6টি কালো বল আছে। দৈবক্রমে দুটি বল তুললে বল দুটি কালো হবার সম্ভাবনা কত? উত্তর :  $\frac{1}{3}$
২৫. একটি বাস্ত্রে 7টি লাল বল ও 6টি কালো বল আছে। এখান থেকে 6টি বল তোলা হলে 4টি বল কালো ও 2টি বল লাল হওয়ার সম্ভাবনা কত? উত্তর :  $\frac{6C_4 \times 7C_2}{13C_6}$
২৬. একটি কয়েন বা মুদ্রাকে একবার টস এবং একটি ছক্কা একবার নিক্ষেপ করলে 'head' এবং '4' আসার সম্ভাবনা কত? উত্তর :  $\frac{1}{12}$
২৭. দুটি সেট Integer {3, 2, 1, 5, 4} এবং {2, 5, 3}। যদি আমি দৈবক্রমে প্রথম ও দ্বিতীয় সেট থেকে একটি করে Integer নিই, তবে দুটি বিজোড় Integer আসার সম্ভাবনা কত? উত্তর :  $\frac{2}{5}$
২৮. একটি মুদ্রা 2 বার টস করলে-  
a. 2 বার Head  
b. অন্তত পক্ষে 1 বার Head পড়ার সম্ভাবনা কত? উত্তর : a.  $\frac{1}{4}$ , b.  $\frac{3}{4}$


## জ্যামিতি (Geometry)

### Lecture-11

#### রেখা, কোণ ও সুষম বহুভুজ


জ্যামিতির বহুল চর্চা শুরু হয় আজ থেকে প্রায় আড়াই হাজার বছর আগে। ইউক্লিড, পিথাগোরাস, অ্যাপোলোনিয়াস, টলেমি, অয়েলার এবং বাংলাদেশি গণিতবিদ আজিজুর রহমান খলিফা (এ.আর. খলিফা) জ্যামিতিতে উল্লেখযোগ্য অবদান রাখেন। মূলত ইউক্লিডের আমলে জ্যামিতির উদ্ভব হয়।

জ্যামিতির জনক :



#### কোণ (Angle)

দুটি রেখাংশ কোনো বিন্দুতে মিলিত হলে কোণ উৎপন্ন হয়।




চিত্রে, AB ও BC রেখাংশ পরস্পর B বিন্দুতে মিলিত হয়

∴ ABC একটি কোণ।

সূক্ষ্ম কোণ (Acute Angle): 90° অপেক্ষা ছোট কোণকে সূক্ষ্মকোণ বলে।

চিত্রে,  $0^\circ < \angle ABC < 90^\circ$

∴ ∠ABC একটি সূক্ষ্মকোণ।




সমকোণ (Right Angle): একটি রেখা অপর একটি রেখার উপর লম্ব হলে, সমকোণ সৃষ্টি করে। অথবা যে কোণের পরিমাপ 90° তাকে এক সমকোণ বলে।

চিত্রে,  $AB \perp BC$

∴ ∠ABC একটি সমকোণ।


$\angle ABC = 90^\circ$



স্থূল কোণ (Obtuse Angle): 90° অপেক্ষা বড়, 180° অপেক্ষা ছোট কোণকে স্থূল কোণ বলে।

চিত্রে,  $90^\circ < \angle ABC < 180^\circ$

∴ ∠ABC একটি স্থূলকোণ।




সরল কোণ (Straight Angle): দুইটি পরস্পর বিপরীত রশ্মি তাদের সাধারণ প্রান্তবিন্দুতে যে কোণ উৎপন্ন করে তাকে সরল কোণ বলে।

অথবা, 180° এর সমান কোণকে সরল কোণ বলে।


চিত্রে,  $\angle ABC = 180^\circ$

∴ ∠ABC একটি সরল কোণ।

1 সরল কোণ = 2 সমকোণ।




প্রবৃত্ত কোণ (Reflex Angle): 180° অপেক্ষা বড় কিন্তু 360° অপেক্ষা ছোট কোণকে প্রবৃত্ত কোণ বলে।  
চিত্রে,  $180^\circ < \angle ABC < 360^\circ$



∴ ∠ABC একটি প্রবৃত্ত কোণ


সন্নিহিত কোণ (Adjacent Angle): দুইটি কোণের একই শীর্ষবিন্দু এবং একটি সাধারণ বাহু থাকলে কোণ দুইটির একটিকে অপরটির সন্নিহিত কোণ বলে।



চিত্রে, ∠AOB ও ∠BOC এর একই শীর্ষবিন্দু O এবং সাধারণ বাহু OB.

∴ ∠AOB ও ∠BOC পরস্পরের সন্নিহিত কোণ।

পূরক কোণ (Complementary Angle): দুইটি কোণের সমষ্টি 90° হলে, কোণ দুইটির একটিকে অপরটির পূরক কোণ বলে।



চিত্রে,  $\angle AOB + \angle BOC = 90^\circ$

∴ ∠AOB এর পূরক কোণ ∠BOC

এবং ∠BOC এর পূরক কোণ ∠AOB

সম্পূরক কোণ (Supplementary Angle): দুইটি কোণের সমষ্টি 180° হলে, কোণ দুইটির একটিকে অপরটির সম্পূরক কোণ বলে।

চিত্রে,  $\angle AOB + \angle BOC = 180^\circ$

$x^\circ + y^\circ = 180^\circ$

∴ ∠AOB এর সম্পূরক কোণ ∠BOC

এবং ∠BOC এর সম্পূরক কোণ ∠AOB

বিপরীত কোণ (Vertically opposite angles): দুইটি রেখা পরস্পরকে কোনো বিন্দুতে ছেদ করলে ছেদ বিন্দুর বিপরীত পার্শ্ব কোণদ্বয়ের একটিকে অপরটির বিপরীত কোণ বলে।

বিপরীত কোণগুলো পরস্পর সমান।

চিত্রে, AB ও CD রেখাংশ পরস্পরকে O বিন্দুতে ছেদ করেছে

∴ ∠AOD = বিপরীত ∠BOC


এবং ∠AOC = বিপরীত ∠BOD

একান্তর কোণ (Alternate Angles):


দুইটি সমান্তরাল রেখাকে অপর একটি রেখা তীর্থকভাবে ছেদ করলে ছেদকের বিপরীত পার্শ্ব কোণদ্বয়ের একটিকে অপরটির একান্তর কোণ বলে। একান্তর কোণদ্বয় পরস্পর সমান হয়।

চিত্রে,  $AB \parallel CD$  এবং PQ ছেদক

∴ ∠Amn = একান্তর ∠mnd




**অনুরূপ কোণ (Corresponding Angles):** দুইটি সমান্তরাল রেখাকে অপর একটি রেখা তীর্থকভাবে ছেদ করলে ছেদকের একই পার্শ্ব কোণদ্বয়ের একটিকে অপরটির অনুরূপ কোণ বলে। অনুরূপ কোণদ্বয় পরস্পর সমান হয়।




চিত্রে,  $AB \parallel CD$  এবং  $PQ$  ছেদক  
 $\therefore \angle PmB = \text{অনুরূপ } \angle mnD$

**অহ্নক কোণ (Interior Angle):** কোনো আবদ্ধ ক্ষেত্রের তেতরে উৎপন্ন কোণগুলোকে ঐ আবদ্ধ ক্ষেত্রের অন্তঃস্থ কোণ বলে।




চিত্রে,  $\triangle ABC$  এর অন্তঃস্থ কোণগুলো হলো  $\angle BAC$ ,  $\angle ABC$  এবং  $\angle ACB$ .  
**বহিঃস্থ কোণ (Exterior Angle):** কোনো আবদ্ধ ক্ষেত্রের কোনো এক বাহুকে বর্ধিত করলে যে কোণ উৎপন্ন হয় তাকে ঐ আবদ্ধক্ষেত্রের বহিঃস্থ কোণ বলে।





চিত্রে,  $\triangle ABC$  এর বহিঃস্থ কোণ  $\angle ACD$

**কেন্দ্রস্থ কোণ (Central Angle):** বৃত্তের কোনো চাপ/জ্যা কেন্দ্রে যে কোণ উৎপন্ন করে তাকে কেন্দ্রস্থ কোণ বলে।  
 চিত্রে,  $AB$  চাপ কেন্দ্র  $O$  বিন্দুতে  $\angle AOB$  কোণ উৎপন্ন করেছে  
 $\therefore \angle AOB$  একটি কেন্দ্রস্থ কোণ  
**বৃত্তস্থ কোণ:** বৃত্তের কোনো জ্যা/চাপ পরিধির উপর কোনো বিন্দুতে যে কোণ উৎপন্ন করে তাকে বৃত্তস্থ বা পরিধিস্থ কোণ বলে।



**Note:** বৃত্তের একই চাপের উপর দৃশ্যমান বৃত্তস্থ কোণগুলো পরস্পর সমান।




\* বৃত্তের একই চাপের উপর দৃশ্যমান বৃত্তস্থ কোণ কেন্দ্রস্থ কোণের অর্ধেক।

$$\therefore \angle ACB = \frac{1}{2} \angle AOB$$

$$\therefore \angle AOB = 2 \angle ACB$$

**রেডিয়ান কোণ (Radian Angle):** কোনো বৃত্তের ব্যাসার্ধের সমান চাপ ঐ বৃত্তের কেন্দ্রে যে কোণ উৎপন্ন করে তাকে রেডিয়ান কোণ বলে।


চিত্রে, বৃত্তচাপ,  $AB =$  ব্যাসার্ধ,  $r$   
 $\therefore \angle AOB$  একটি রেডিয়ান কোণ।  
 রেডিয়ান কোণ একটি দ্রব কোণ।  
 রেডিয়ান কোণের পরিমাণ  $57.3^\circ$



$$\pi^c = 180^\circ \quad \therefore 1^c = \left(\frac{180}{\pi}\right)^\circ$$

$$\therefore 1^\circ = \left(\frac{\pi}{180}\right)^c \quad \left[\left(\frac{180}{\pi}\right)^\circ = \left(\frac{180}{3.1416}\right)^\circ = 57.3^\circ\right]$$

**অর্ধবৃত্তস্থ কোণ:** বৃত্তের ব্যাস/অর্ধবৃত্তচাপ পরিধির কোনো বিন্দুতে যে কোণ উৎপন্ন করে তাকে অর্ধবৃত্তস্থ কোণ বলে।  
 চিত্রে,  $AB$  ব্যাস/অর্ধবৃত্তচাপ পরিধির  $C$  বিন্দুতে  $\angle ACB$  উৎপন্ন করে  
 $\therefore \angle ACB$  একটি অর্ধবৃত্তস্থ কোণ।  
 অর্ধবৃত্তস্থ কোণ এক সমকোণ।  
 $\therefore \angle ACB = 90^\circ$




**Practice Problem: রেখা, কোণ**

- $1^\circ$  (ডিমি) = কত মিনিট? [ $1^\circ = 60'$  এবং  $1' = 60''$ ]  
 a.  $30'$     b.  $45'$     c.  $60'$     d.  $90'$
- $\angle A$  ও  $\angle B$  দুটি সম্পূরক কোণ।  $\angle A = 112^\circ$  হলে,  $\angle B =$  কত?  
 a.  $112^\circ$     b.  $68^\circ$     c.  $248^\circ$     d.  $88^\circ$
- $AB$  ও  $CD$  রেখাদ্বয় পরস্পর  $O$  বিন্দুতে ছেদ করলে নিচের কোন গাণিতিক বাক্যটি সঠিক?  
 a.  $\angle AOC = \angle BOD$     b.  $\angle BOC = \angle AOC$   
 c.  $\angle BOC = \angle BOD$     d.  $\angle AOC = \angle AOD$
- $1$  সমকোণের সম্পূরক কোণ কত ডিমি?  
 a.  $0^\circ$     b.  $90^\circ$     c.  $180^\circ$     d.  $10^\circ$
- দুটি কোণের একই শীর্ষবিন্দু এবং একটি সাধারণ বাহু থাকলে, তাদেরকে কি কোণ বলে?  
 a. পূরক কোণ    b. সম্পূরক কোণ  
 c. সন্নিহিত কোণ    d. অনুরূপ কোণ
- $279^\circ$  কোণকে কি কোণ বলে?  
 a. স্থলকোণ    b. প্রবৃত্ত কোণ  
 c. সূক্ষকোণ    d. রেখিক যুগল কোণ




- চিত্রে  $x + y =$  কত?  
 a.  $180^\circ$     b.  $120^\circ$     c.  $360^\circ$     d.  $90^\circ$
- একটি চাকা ২ মিনিটে ১২০ বার ঘুরলে উহা সেকেন্ডে কত ডিমি কোণ উৎপন্ন করবে?  
 a.  $180^\circ$     b.  $270^\circ$     c.  $360^\circ$     d.  $540^\circ$
- দুটি সম্পূরক কোণের অনুপাত ১১:৭ হলে, কোণ দুটির পরিমাণ কত? [৪০তম বিসিএস]  
 a.  $90^\circ$     b.  $55^\circ$     c.  $45^\circ$     d.  $40^\circ$




- চিত্রে,  $\angle PQR = 50^\circ$ ,  $\angle LRN = 90^\circ$  এবং  $PQ \parallel RM$ ,  $PQ = PR$  হলে,  $\angle NRP$  এর মান নিচের কোনটি?  
 ১০. একটি কোণের মান তার সম্পূরক কোণের মানের অর্ধেকের সমান। কোণটির মান কত? [৪৩তম বিসিএস]  
 a.  $30^\circ$     b.  $60^\circ$     c.  $90^\circ$     d.  $120^\circ$ - রেখার প্রান্ত বিন্দু কয়টি?    উত্তর: নেই
- জ্যামিতির জনক কে?    উত্তর: ইউক্লিড
- ইউক্লিডের গ্রন্থ Elements কয়টি খণ্ডে বিভক্ত?    উত্তর: ১৩টি
- একটি কোণ তার পূরক কোণের অর্ধেকের সমান। কোনটির মান কত?    উত্তর:  $30^\circ$

১৫. দুটি পূরক কোণের একটি অপরটির  $\frac{4}{5}$  হলে, বৃহত্তম কোণটির মান কত?    উত্তর: 50



১৬.    চিত্রে  $y = ?$     উত্তর:  $y = 55$



১৭.    চিত্রে  $x = ?$     উত্তর:  $108^\circ$   
 একটি সরলরেখার সাথে অপর একটি রেখাংশ মিলিত হলে, দুইটি সন্নিহিত কোণ উৎপন্ন হয়, তাদের সমষ্টি কত?    উত্তর:  $180^\circ$

**বহুভুজ**

- একটি সুস্থ বহুভুজের অন্তঃকোণের সমষ্টি  $= (n-2)180^\circ$   
 $n =$  বাহুর সংখ্যা।
- $(n-2)180^\circ = (6-2) \times 180^\circ$   
 $= 4 \times 180^\circ$   
 $= 720^\circ$
- একটি সুস্থ বহুভুজের অন্তঃকোণের সমষ্টি  $540^\circ$   
 সমষ্টি  
 হলে, এর বাহুর সংখ্যা হবে  $n = \frac{540^\circ}{180^\circ} + 2$   
 $= \frac{540}{180} + 2$   
 $= 3 + 2$   
 $= 5$ টি



নোট: প্রতিটি অন্তঃকোণের পরিমাণ  $= \frac{\text{সমষ্টি}}{\text{বাহুর সংখ্যা}} = \frac{540^\circ}{5} = 108^\circ$  এবং প্রতিটি বহিঃস্থ কোণের পরিমাণ  $= 180^\circ - \text{অন্তঃকোণ}$ । এক্ষেত্রে বাহুর সংখ্যা  $= \frac{360^\circ}{108^\circ}$  বহিঃস্থকোণ। এই সূত্রের সাহায্যেও নির্ণয় করা যায়।

**Practice Problem: বহুভুজ**


- একটি সুস্থ বহুভুজের প্রত্যেকটি কোণ  $168^\circ$ । এর বাহুর সংখ্যা কতগুলো হবে? [৪৪তম বিসিএস]  
 a.  $50$     b.  $২০$     c.  $1৮$     d.  $1০$     উত্তর: ক
- যে সুস্থ বহুভুজের একটি অন্তঃস্থ কোণ  $150^\circ$ । উহার বাহুর সংখ্যা কত?  
 a.  $12$ টি    b.  $15$ টি    c.  $18$ টি    d.  $20$ টি    উত্তর: ক
- একটি সুস্থ সুস্থ বহুভুজের বাহুর সংখ্যা  $1৮$ টি হলে, উহার অন্তঃস্থ কোণ কত ডিমি?  
 a.  $20^\circ$     b.  $36^\circ$     c.  $144^\circ$     d.  $160^\circ$     উত্তর: ঘ
- সুস্থ বহুভুজের এক বাহুকে বর্ধিত করলে, যে বহিঃস্থ কোণ উৎপন্ন হয় তার পরিমাণ—  
 a.  $60^\circ$     b.  $৪৫^\circ$     c.  $৭৫^\circ$     d.  $৯০^\circ$     উত্তর: ক
- সুস্থ বহুভুজের একটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণের মান কত?    উত্তর:  $60^\circ$
- সুস্থ বহুভুজের বহিঃস্থ কোণ  $30^\circ$  হলে, বাহুর সংখ্যা কত?    উত্তর:  $12$ টি
- সুস্থ বহুভুজের অন্তঃস্থ কোণ  $120^\circ$  হলে, বাহুর সংখ্যা কত?    উত্তর:  $6$ টি
- সুস্থ বহুভুজের বাহুর সংখ্যা  $18$ টি হলে, বহিঃস্থ কোণ কত?    উত্তর:  $20^\circ$
- সুস্থ বহুভুজের বাহুর সংখ্যা  $12$ টি হলে, অন্তঃস্থ কোণ কত?    উত্তর:  $150^\circ$
- বহিঃস্থ বহুভুজের অন্তঃস্থ কোণগুলোর সমষ্টি কত?    উত্তর:  $720^\circ$
- সুস্থ অষ্টভুজের অন্তঃস্থ কোণগুলোর সমষ্টি কত?    উত্তর:  $1২$  সমকোণ

**Lecture-12**

**ত্রিভুজ (Triangle)**

ত্রিভুজের উপপাদ্যসমূহ


তিন বাহু দ্বারা আবদ্ধ সীমারেখাকে ত্রিভুজ বলে।



চিত্রে  $AB$ ,  $BC$  ও  $CA$  বাহু দ্বারা আবদ্ধ ক্ষেত্র  $ABC$ .  
 $\therefore ABC$  একটি ত্রিভুজ।

- তথ্য:
- ত্রিভুজের শীর্ষবিন্দু থেকে এর ভূমির উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্যকে উচ্চতা বলে।
  - ত্রিভুজের যে-কোনো বাহুর মধ্যবিন্দু এবং উহার বিপরীত শীর্ষবিন্দুর সংযোজক সরলরেখাকে মধ্যমা বলে।
  - যে-কোনো মধ্যমা দ্বারা ত্রিভুজের ক্ষেত্রফল সমান দুভাগে বিভক্ত হয়।
  - ত্রিভুজের মধ্যমাত্রয়ের সমষ্টি উহার পরিমাপ অপেক্ষা ক্ষুদ্রতর।
  - যে-কোনো দুই বাহুর সমষ্টি তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর।
  - i.  $AB + AC > BC$ ; ii.  $AB + BC > AC$ ; iii.  $AC + BC > AB$
  - মধ্যমাত্রয়ের ছেদবিন্দুকে ভরকেন্দ্র বলে।
  - কোণদ্বয়ের সমবিশিষ্টকোর ছেদবিন্দুকে অন্তঃকেন্দ্র বলে।
  - তিন বাহুর লম্ববিশিষ্টকোর ছেদবিন্দুকে পরিঃকেন্দ্র বলে।
  - পরিমাপ (Perimeter) = তিন বাহুর সমষ্টি  
 $= (AB + BC + CA)$  একক
  - ক্ষেত্রফল (Area) =  $\frac{1}{2} \times (\text{ভূমি} \times \text{উচ্চতা})$  বর্গ একক

ত্রিভুজের প্রকারভেদ:



**Practice Problem: ত্রিভুজের উপপাদ্যসমূহ**


- একটি ত্রিভুজের তিন বাহুকে পর্যায়ক্রমে বর্ধিত করলে, যে তিনটি বহিঃস্থ কোণ উৎপন্ন হয় তাদের সমষ্টি কত?  
 a.  $180^\circ$     b.  $360^\circ$     c.  $540^\circ$     d.  $720^\circ$
- $\triangle ABC = 20$  বর্গ একক।  $M$  ও  $N$  যথাক্রমে  $AB$  ও  $AC$  এর মধ্যবিন্দু  $\triangle AMN$  এর ক্ষেত্রফল—  
 a.  $15$  বর্গ একক    b.  $10$  বর্গ একক  
 c.  $5$  বর্গ একক    d.  $8$  বর্গ একক
- $ABC$  এর  $AB$  ও  $AC$  এর মধ্য বিন্দু যথাক্রমে  $L$  ও  $M$ .  $BC = 6$ cm হলে,  $LM = ?$   
 a.  $1.2$  সেমি.    b.  $3$  সেমি.    c.  $4$  সেমি.    d.  $2.5$  সেমি.
- ভরকেন্দ্র মধ্যমাত্রয়কে কি অনুপাতে বিভক্ত করে?  
 a.  $1:1$     b.  $1:3$     c.  $2:1$     d.  $4:1$

- কোনো ত্রিভুজের বাহুগুলোর লম্ববিশিষ্টকরয়ে যে বিন্দুতে ছেদ করে, তাকে বলা হয়?
- ক) ভরকেন্দ্র    গ) অন্তঃকেন্দ্র    খ) লম্বকেন্দ্র    ঘ) পরিকেন্দ্র
- ত্রিভুজের একবাহুকে বর্ধিত করলে, যে বহিঃস্থ কোণ উৎপন্ন হয়, তা অন্তঃস্থ বিপরীত কোণদ্বয়ের সমষ্টির-
- ক) দ্বিগুণ    গ) তিনগুণ    খ) সমান    ঘ) অর্ধেক
- ABC ত্রিভুজ  $\angle B = \angle C$ , D হচ্ছে BC বাহুর মধ্য ১টি বিন্দু। নিচের কোন বক্তব্য সঠিক?
- ক)  $AB > BC$     গ)  $AB < BC$     খ)  $BD > CD$     ঘ)  $BC > BD$
- ত্রিভুজের যে কোণ দুই বাহুর মধ্যবিন্দুর সংযোজক সরলরেখা তৃতীয় বাহুর-
- ক) সমান    গ) বড় হবে    খ) দ্বিগুণ    ঘ) অর্ধেক
- একটি ত্রিভুজের  $\angle A = 40^\circ$ ,  $\angle B$  ও  $\angle C$  এর অন্তঃস্থিককরয় পরস্পর O বিন্দুতে ছেদ করলে  $\angle BOC =$  কত?
- ক)  $110^\circ$     গ)  $70^\circ$     খ)  $80^\circ$     ঘ)  $90^\circ$
- কোন ত্রিভুজের কোণগুলোর সম্বন্ধকরয়ে যে বিন্দুতে ছেদ করে, তাকে বলে-
- ক) পরিকেন্দ্র    গ) ভারকেন্দ্র    খ) অন্তঃকেন্দ্র    ঘ) লম্বকেন্দ্র
- $\triangle ABC$  এ  $AB = AC$  এবং  $\angle A = 80^\circ$  হলে, বহিঃস্থ  $\angle C =$  কত? উত্তর:  $130^\circ$
- ত্রিভুজের মধ্যমা তিনটি সমান হলে, ত্রিভুজের কোণ এর পরিমাণ কত? উত্তর:  $60^\circ$
- ত্রিভুজাকৃতি জমির ভূমি 80m ও উচ্চতা 45m। জমির ক্ষেত্রফল- উত্তর: 1800  $m^2$
- ত্রিভুজের ৩টি বাহুকে পর্যায়ক্রমে উভয়দিকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণগুলোর সমষ্টি কত? উত্তর: 720

### কোণ ভেদে ত্রিভুজ

#### সমকোণী ত্রিভুজ (Right Angled Triangle)

যে ত্রিভুজের একটি কোণ সমকোণী তাকে সমকোণী ত্রিভুজ বলে।



চিত্রে,  $\triangle ABC$ -এ,  $AB \perp BC$

$\therefore \angle ABC$  একটি সমকোণ  
 $\therefore \triangle ABC$  একটি সমকোণী ত্রিভুজ।

বৈশিষ্ট্য:

- একটি কোণ সমকোণ।
- সমকোণ ব্যতীত অপর দুটি কোণ সূক্ষকোণ।
- সমকোণ ব্যতীত অপর দুটি কোণের সমষ্টি এক সমকোণ।
- সমকোণ ব্যতীত অপর দুটি কোণ পরস্পরের পূরক কোণ।
- সমকোণের বিপরীত বাহু বৃহত্তম বাহু।
- সমকোণের বিপরীত বাহুকে অতিভুজ বলে।
- সমকোণ সংলগ্ন একটি বাহুকে ভূমি এবং অপর বাহুকে লম্ব বলে।
- ক্ষেত্রফল =  $\frac{1}{2} \times$  ভূমি  $\times$  উচ্চতা  
=  $\frac{1}{2} \times$  (সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের গুণফল) বর্গ একক
- (অতিভুজ) $^2$  = (লম্ব) $^2$  + (ভূমি) $^2$   
 $AC^2 = AB^2 + BC^2$  [পিথাগোরাসের (Pythagorous) উপপাদ্য]

### Practice Problem: কোণ ভেদে ত্রিভুজ

- কোন ধরনের ত্রিভুজ অঙ্কন সম্ভব নয়?  
ক) সমকোণী সমবাহু    গ) স্থলকোণী সমদ্বিবাহু  
খ) সূক্ষকোণী সমবাহু    ঘ) সমকোণী সমদ্বিবাহু
- নিচের কোনটি সমকোণী ত্রিভুজের বাহু?  
ক) 4, 8, 9    গ) 5, 12, 13  
খ) 6, 12, 13    ঘ) 7, 12, 14
- যে-কোনো সমকোণী ত্রিভুজের বাহুর অনুপাতটি কি?  
ক) ৫:১০:১৫    গ) ১০:১৫:২০  
খ) ১৫:২০:২৫    ঘ) ২০:২৫:৩০
- $\triangle ABC$  এর  $\angle A = 40^\circ$  এবং  $\angle B = 80^\circ$ ।  $\angle C$  সম্বন্ধিতক AB বাহুকে D বিন্দুতে ছেদ করলে  $\angle CDA =$  কত? [৪১তম বিসিএস]  
ক)  $110^\circ$     গ)  $100^\circ$     খ)  $90^\circ$     ঘ)  $80^\circ$  উত্তর: ক
- 5, 6, 7cm বাহু বিশিষ্ট ত্রিভুজটি কোন ধরনের ত্রিভুজ? উত্তর: সূক্ষকোণী
- 6, 7, 8cm বাহু বিশিষ্ট ত্রিভুজটি কোন ধরনের ত্রিভুজ? উত্তর: সূক্ষকোণী
- 3, 4, 5cm বাহু বিশিষ্ট ত্রিভুজটি কোন ধরনের ত্রিভুজ? উত্তর: সমকোণী
- 5, 6, 8cm বাহু বিশিষ্ট ত্রিভুজটি কোন ধরনের ত্রিভুজ? উত্তর: স্থলকোণী
- সমকোণী ত্রিভুজের সূক্ষকোণ দ্বয়ের পার্থক্য  $8^\circ$  হলে, ক্ষুদ্রতম কোণ কত? উত্তর:  $41^\circ$
- ত্রিভুজের দুটি কোণ  $35^\circ$  ও  $55^\circ$ । ত্রিভুজটি কোণ ধরনের? উত্তর: সমকোণী
- সমকোণী ত্রিভুজের অতিভুজ 13cm হলে, ক্ষেত্রফল কত? উত্তর:  $30cm^2$
- 6, 8, 10cm বাহু বিশিষ্ট ত্রিভুজটি কোন ধরনের ত্রিভুজ? উত্তর: সমকোণী
- 12, 16, 20cm বাহু বিশিষ্ট ত্রিভুজটি কোন ধরনের ত্রিভুজ? উত্তর: সমকোণী
- 6, 7, 10cm বাহু বিশিষ্ট ত্রিভুজটি কোন ধরনের ত্রিভুজ? উত্তর: স্থলকোণী
- সমকোণী ত্রিভুজের অতিভুজ ব্যতীত অন্য বাহুগুলো 8cm ও 15cm হলে, এর অতিভুজ কত? উত্তর: 17cm

### Lecture-13

#### বাহু ভেদে ত্রিভুজ + চতুর্ভুজের উপপাদ্য ও আয়তক্ষেত্র বাহু ভেদে ত্রিভুজ

#### সমবাহু ত্রিভুজ (Equilateral Triangle)


যে ত্রিভুজের প্রত্যেকটি বাহু পরস্পর সমান তাকে সমবাহু ত্রিভুজ বলে।

চিত্রে,  $\triangle ABC$ -এ  $AB = BC = CA = a$

$\therefore \triangle ABC$  একটি সমবাহু ত্রিভুজ।

বৈশিষ্ট্য:

- প্রত্যেকটি বাহু পরস্পর সমান।
- প্রত্যেকটি কোণ পরস্পর সমান।
- প্রত্যেকটি কোণের পরিমাণ  $60^\circ$ ।
- প্রত্যেকটি বহিঃস্থ কোণের পরিমাণ  $120^\circ$ ।
- ইহার মধ্যমাত্রয় পরস্পর সমান।
- ইহা একটি সুষমক্ষেত্র।
- সমবাহু ত্রিভুজের যে-কোনো শীর্ষবিন্দু হতে বিপরীত বাহুর উপর অঙ্কিত লম্ব ঐ কোণ এবং বাহু উভয়দিকেই সমদ্বিখণ্ডক।
- উচ্চতা,  $h = \frac{\sqrt{3}}{2}a$  একক
- পরিমাপ  $= 3a$  একক
- ক্ষেত্রফল =  $\frac{\sqrt{3}}{4}a^2$  বর্গ একক



### সমদ্বিবাহু ত্রিভুজ (Isosceles Triangle)


যে ত্রিভুজের দুইটি বাহু পরস্পর সমান তাকে সমদ্বিবাহু ত্রিভুজ বলে।

চিত্রে,  $\triangle ABC$  এ  $AB = AC = a$  (ভূমি  $BC = b$ )

$\therefore \triangle ABC$  একটি সমদ্বিবাহু ত্রিভুজ।

বৈশিষ্ট্য:

- দুইটি বাহু পরস্পর সমান। ( $AB = AC$ )
- সমান সমান বাহুর বিপরীত কোণ দুটি পরস্পর সমান। ( $\angle B = \angle C$ )
- ইহার দুইটি মধ্যমা পরস্পর সমান।
- সমদ্বিবাহু ত্রিভুজের শিরঃকোণের সমদ্বিখণ্ডক উহার ভূমির লম্বদ্বিখণ্ডক।
- ক্ষেত্রফল =  $\frac{b}{4}\sqrt{4a^2 - b^2}$  বর্গ একক;  
 $b =$  (base) ভূমি  
 $a =$  সমান সমান বাহুর দৈর্ঘ্য



### বিষমবাহু ত্রিভুজ (Scalene Triangle)

যে ত্রিভুজের বাহুগুলো পরস্পর অসমান তাকে বিষমবাহু ত্রিভুজ বলে।


চিত্রে,  $\triangle ABC$ -এ

$AB \neq BC \neq CA$

$\therefore \triangle ABC$  একটি বিষমবাহু ত্রিভুজ।

বৈশিষ্ট্য:

- প্রত্যেকটি বাহু অসমান।
- প্রত্যেকটি কোণ অসমান।
- মধ্যমাত্রয় পরস্পর অসমান।
- বৃহত্তম কোণের বিপরীত বাহু সবচেয়ে বৃহত্তম বাহু এবং ক্ষুদ্রতম কোণের বিপরীত বাহু সবচেয়ে ক্ষুদ্রতম বাহু।
- পরিমাপ,  $2S = (a + b + c)$  একক
- অর্ধ-পরিমাপ,  $S = \frac{a + b + c}{2}$  একক
- ক্ষেত্রফল =  $\sqrt{s(s-a)(s-b)(s-c)}$  বর্গ একক



### Practice Problem: বাহুভেদে ত্রিভুজ


- $\triangle XYZ$  এ  $XY = XZ$  এবং  $\angle X = \angle Z$  হলে,  $\triangle XYZ$  একটি-  
ক) সমকোণী ত্রিভুজ    গ) বিষমবাহু ত্রিভুজ  
খ) সমদ্বিবাহু ত্রিভুজ    ঘ) সমবাহু ত্রিভুজ
- একটি সমবাহু ত্রিভুজের একটি বাহু 16 মিটার হলে ত্রিভুজটির ক্ষেত্রফল-  
ক) 64 বর্গ মিটার    গ)  $64\sqrt{3}$  বর্গ মিটার  
খ)  $32\sqrt{3}$  বর্গ মিটার    ঘ)  $48\sqrt{3}$  বর্গ মিটার
- $\triangle ABC$  ত্রিভুজ  $\angle A = 50^\circ$  এবং  $\angle B = 50^\circ$  হলে, ত্রিভুজটি কি ধরনের?  
ক) সমবাহু    গ) সমদ্বিবাহু    খ) বিষমবাহু    ঘ) সমকোণী
- $\triangle ABC$  এ  $\angle B = 90^\circ$ , যদি  $AC = 2AB$  হয়, তবে  $\angle C$  এর মান কত? [৩৮তম বিসিএস]  
ক)  $45^\circ$     গ)  $22.5^\circ$     খ)  $30^\circ$     ঘ)  $60^\circ$
- একটি ত্রিভুজাকৃতি মাঠের বাহুগুলির দৈর্ঘ্য যথাক্রমে 20 মিটার, 21 মিটার ও 29 মিটার হলে, ক্ষেত্রফল কত বর্গমিটার? [৩১তম বিসিএস]  
ক) 210    গ) 290    খ) 300    ঘ) 200
- একটি সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য 2 সেমি. এবং উচ্চতা x সেমি. হলে, x এর মান কানটি? [৪৪তম বিসিএস]  
ক)  $\sqrt{2}$     গ)  $\sqrt{3}$     খ) 2    ঘ) 3
- সমবাহু ত্রিভুজের বাহুগুলির মধ্য বিন্দু যোগ করলে যে, ত্রিভুজ উৎপন্ন হয় তা-  
ক) স্থলকোণী    গ) সূক্ষকোণী    খ) সমকোণী    ঘ) বিষমবাহু
- কোন সমবাহু ত্রিভুজের যে-কোনো দুই বাহুকে বর্ধিত করলে, যে দুইটি বহিঃস্থ কোণ উৎপন্ন হয় তাদের সমষ্টি কত?

- ক)  $240^\circ$     গ)  $180^\circ$     খ)  $120^\circ$     ঘ)  $360^\circ$
৯. একটি সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য 20 মিটার হলে, ক্ষেত্রফল কত?  
ক)  $40\sqrt{3}$     গ)  $60\sqrt{3}$     খ)  $100\sqrt{3}$     ঘ)  $200\sqrt{3}$
১০. নিচের কোনটি সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফলের সূত্র?  
ক)  $\frac{b}{4}\sqrt{4a^2 - b^2}$     গ)  $\frac{a}{4}\sqrt{4a^2 - b^2}$   
খ)  $\frac{b}{4}\sqrt{4b^2 - a^2}$     ঘ)  $\frac{a}{2}\sqrt{4a^2 - b^2}$
১১. একটি সমদ্বিবাহু ত্রিভুজের ভূমি 8 মিটার। সমদ্বিবাহুর একবাহু 6 মিটার।  
ক)  $3\sqrt{55}$  বর্গমিটার    গ)  $8\sqrt{5}$  বর্গমিটার  
খ)  $6\sqrt{55}$  বর্গমিটার    ঘ)  $16\sqrt{5}$  বর্গমিটার
১২.  $\triangle ABC$  এ  $\angle A = 40^\circ$ ,  $\angle B = 70^\circ$  হলে,  $\triangle ABC$  কী ধরনের ত্রিভুজ? [৩৬তম বিসিএস]  
ক) সমকোণী    গ) স্থলকোণী    খ) সমদ্বিবাহু    ঘ) সমবাহু
১৩. একটি সমবাহু ত্রিভুজের একটি বাহুর দৈর্ঘ্য a একক হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গএকক? [৩৮তম বিসিএস]  
ক)  $\frac{\sqrt{3}}{2}a^2$     গ)  $\frac{2}{3}a^2$     খ)  $\frac{2}{3}a^2$     ঘ)  $\frac{\sqrt{3}}{4}a^2$
১৪. ৬ সেমি. ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের অন্তঃস্থ একটি সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল- [৪১তম বিসিএস]  
ক)  $2\sqrt{3}$  বর্গ সেমি.    গ)  $2\sqrt{2}$  বর্গ সেমি.  
খ)  $2\sqrt{3}$  বর্গ সেমি.    ঘ)  $2\sqrt{2}$  বর্গ সেমি.
১৫. ABC ত্রিভুজ B কোণের পরিমাণ  $48^\circ$  এবং  $AB = AC$ । যদি E এবং F AB এবং AC কে এমনভাবে ছেদ করে যেন  $EF \parallel BC$  হয়, তাহলে  $\angle A + \angle AFE = ?$  [৪৪তম বিসিএস]  
ক)  $132^\circ$     গ)  $180^\circ$     খ)  $108^\circ$     ঘ)  $160^\circ$
১৬. একটি ত্রিভুজের বাহুগুলোর অনুপাত 1:2: $\sqrt{2}$ :3 হলে, এর বৃহত্তম কোণটির মান কত? [৪৫তম বিসিএস]  
ক)  $30^\circ$     গ)  $60^\circ$     খ)  $80^\circ$     ঘ)  $90^\circ$
১৭. সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য 2m বাড়ালে ক্ষেত্রফল  $3\sqrt{3}$  বর্গমিটার বেড়ে যায়। ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য কত? উত্তর: 2m
১৮. সমদ্বিবাহু ত্রিভুজের ভূমি 8cm দৈর্ঘ্য সমান বাহুর দৈর্ঘ্য 5cm হলে, ক্ষেত্রফল কত? উত্তর:  $12cm^2$
১৯. 6, 8, 10 বাহু বিশিষ্ট ত্রিভুজের ক্ষেত্রফল কত? উত্তর:  $24cm^2$
২০. একটি সমকোণী সমদ্বিবাহু ত্রিভুজের ভূমি 10cm হলে, এর অতিভুজ কত? উত্তর:  $10\sqrt{2}$
২১. একটি সমদ্বিবাহু ত্রিভুজের সমান বাহুর দৈর্ঘ্য 40cm এবং এদের অন্তঃস্থ কোণ  $30^\circ$  হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল কত? উত্তর:  $400cm^2$
২২. সমবাহু  $\triangle ABC$  এর বাহুগুলোর মান এমনভাবে নির্ধারিত যে, AD মধ্যমা দ্বারা গঠিত  $\triangle ABD$  এর ক্ষেত্রফল  $xm^2$ ।  $\triangle ABC$  এর ক্ষেত্রফল কত? উত্তর:  $2xm^2$
২৩. সমবাহু ত্রিভুজের পরিমাপ 30 হলে, এর ক্ষেত্রফল কত? উত্তর:  $25\sqrt{3}$
২৪. একটি সমদ্বিবাহু ত্রিভুজের সমান বাহু ভূমির  $\frac{5}{6}$  অংশ। পরিমাপ 16cm হলে, ক্ষেত্রফল কত? উত্তর:  $12cm^2$
২৫. 20, 21, 29 cm বাহু বিশিষ্ট ত্রিভুজের ক্ষেত্রফল কত? উত্তর:  $210cm^2$
২৬. একটি সমকোণী সমদ্বিবাহু ত্রিভুজের অতিভুজ 20cm হলে, উচ্চতা কত? উত্তর:  $10\sqrt{2}$

## চতুর্ভুজের উপপাদ্য ও আয়তক্ষেত্র

### চতুর্ভুজ (Quadrilateral)

চারটি রেখাংশ দ্বারা আবদ্ধ সীমারেখাকে চতুর্ভুজ বলে।  
 চিত্রে, AB, BC, CD ও DA বাহু দ্বারা আবদ্ধ ক্ষেত্র ABCD.




∴ ABCD একটি চতুর্ভুজ।

বৈশিষ্ট্য:

- ✓ চতুর্ভুজের চারটি অন্তঃস্থ কোণের সমষ্টি  $360^\circ$ ।
- ✓ চতুর্ভুজের চারটি বহিঃস্থ কোণের সমষ্টি  $360^\circ$ ।
- ✓ যে-কোনো তিন বাহুর সমষ্টি চতুর্থ বাহু অপেক্ষা বৃহত্তর।
- ✓ চতুর্ভুজের কর্ণ দুইটি।
- ✓ কর্ণ (Diagonal): চতুর্ভুজের বিপরীত কৌণিক শীর্ষের সংযোজক সরলরেখাকে কর্ণ বলে।
- ✓ চতুর্ভুজের কর্ণদ্বয়ের সমষ্টি উহার পরিসীমা অপেক্ষা ক্ষুদ্রতর।
- ✓ চতুর্ভুজের কর্ণদ্বয়ের সমষ্টি উহার অর্ধ-পরিসীমা অপেক্ষা বৃহত্তর।
- ✓ কর্ণদ্বয়ের ছেদবিন্দুকে চতুর্ভুজের কেন্দ্র বলে।

### আয়তক্ষেত্র (Rectangle)

যে চতুর্ভুজের বিপরীত বাহুগুলো পরস্পর সমান ও সমান্তরাল এবং কর্ণদ্বয় সমান তাকে আয়তক্ষেত্র বলে।



চিত্রে, ABCD চতুর্ভুজের-

$AB \parallel CD$  |  $AD \parallel BC$   
 $AB = CD$  |  $AD = BC$   
 এবং কর্ণ  $AC =$  কর্ণ  $BD$

ABCD একটি আয়তক্ষেত্র

বৈশিষ্ট্য:

- ✓ বিপরীত বাহুগুলো পরস্পর সমান।
- ✓ প্রতিটি কোণ পরস্পর সমান।
- ✓ প্রতিটি কোণের পরিমাণ  $90^\circ$ ।
- ✓ কর্ণদ্বয় সমান।
- ✓ কর্ণদ্বয় পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে।
- ✓  $AO = BO = CO = DO$
- ✓ পরিসীমা (Perimeter) =  $2$  (দৈর্ঘ্য + প্রস্থ) =  $2(a + b)$  একক
- ✓ কর্ণ (Diagonal) =  $\sqrt{(\text{দৈর্ঘ্য})^2 + (\text{প্রস্থ})^2}$  =  $\sqrt{a^2 + b^2}$  একক
- ✓ ক্ষেত্রফল (Area) = দৈর্ঘ্য  $\times$  প্রস্থ =  $ab$  বর্গ একক

### Practice Problem: চতুর্ভুজের উপপাদ্য ও আয়তক্ষেত্র

১. চতুর্ভুজের কর্ণদ্বয়ের সমষ্টি অর্ধ পরিসীমা অপেক্ষা...?  
 ৩ ক্ষুদ্রতর ৩ বৃহত্তর  
 ৩ সমান ৩ অসমান
২. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ২০% বৃদ্ধি ও প্রস্থ ১০% হ্রাস করা হলো।  
 ক্ষেত্রফলের শতকরা কত পরিবর্তন হবে?  
 ৩ ৮% হ্রাস ৩ ৮% বৃদ্ধি  
 ৩ ১০৮ হ্রাস ৩ ১০৮ বৃদ্ধি

৩. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ৫% বৃদ্ধি করলে তার ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে? [৪১তম বিসিএস]  
 ৩ ৫% ৩ ১০%  
 ৩ ২০% ৩ ২৫%
৪. ৬০ মিটার দীর্ঘ ও ৪০ মিটার প্রস্থ একটি মাঠকে বেটন করিয়া একটি এক মিটার বিস্তৃত একটি রাস্তা করা হলো। রাস্তাটির ক্ষেত্রফল কত হবে?  
 ৩ ১৯৬ বর্গমিটার ৩ ১৫০ বর্গমিটার  
 ৩ ২৯৬ বর্গ মিটার ৩ ২০৪ বর্গমিটার
৫. চতুর্ভুজের কর্ণদ্বয়ের সমষ্টি তার পরিসীমা অপেক্ষা-  
 ৩ ক্ষুদ্রতর ৩ বৃহত্তর  
 ৩ দ্বিগুণ ৩ অর্ধেক
৬. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থকে  $p\%$  বৃদ্ধি করলে, নতুন ও পুরাতন ক্ষেত্রের ক্ষেত্রফলের অনুপাত কত হবে?  
 ৩  $\frac{(১০০+P)^2}{১০০০০}$  ৩  $\frac{(১০০+P^2)}{১০০০}$   
 ৩  $\frac{(১০০+P)^2}{১০০০০}$  ৩  $\frac{(১০০+P^2)}{১০০}$
৭. একটি আয়তক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য ১৫ মি. এবং প্রস্থ ১০ মি. হলে, আয়তক্ষেত্রের ক্ষেত্রফল কত বর্গমিটার? [৩৭তম বিসিএস]  
 ৩  $35\sqrt{5}$  ৩  $40\sqrt{5}$   
 ৩  $45\sqrt{5}$  ৩  $50\sqrt{5}$
৮. একটি আয়তাকার ঘরের প্রস্থ তার দৈর্ঘ্যের  $\frac{2}{3}$  অংশ। ঘরটির পরিসীমা ৪০ মিটার হলে, তার ক্ষেত্রফল কত বর্গমিটার? [৩৩তম বিসিএস]  
 ৩ ৬০ ৩ ৭৬  
 ৩ ৭২ ৩ ৬৪
৯. ১টি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ। উহার ক্ষেত্রফল  $800 \text{ cm}^2$  হলে, জমিটির পরিসীমা কত? উত্তর : 120m
১০. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের দেড়গুণ। ক্ষেত্রফল  $216 \text{ m}^2$  হলে, উহার পরিসীমা কত? উত্তর : 60m
১১. একটি আয়তক্ষেত্রের কর্ণ 15cm এবং প্রস্থ 10cm হলে, ক্ষেত্রফল কত? উত্তর :  $50\sqrt{5} \text{ cm}^2$
১২. একটি আয়তাকার ঘরের পরিসীমা 100m। ঘরটির প্রস্থ দৈর্ঘ্যের  $\frac{3}{7}$  অংশ হলে, ক্ষেত্রফল কত? উত্তর :  $525 \text{ m}^2$
১৩. ১টি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ। এর পরিসীমা 150m হলে, ক্ষেত্রফল কত? উত্তর :  $1250 \text{ m}^2$
১৪. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থ অপেক্ষা 30 m বেশি। ক্ষেত্রটির পরিসীমা 140m হলে, ক্ষেত্রফল কত? উত্তর :  $1000 \text{ m}^2$
১৫. একটি আয়তাকার বাগানের ক্ষেত্রফল 192m। বাগানের দৈর্ঘ্য 4m কমালে ও প্রস্থ 4m বাড়ালে ক্ষেত্রফল অপরিবর্তিত থাকে। আয়তক্ষেত্রের দৈর্ঘ্য কত? উত্তর : 16m

### Lecture-14

### সামান্তরিক, বর্গক্ষেত্র, রম্বস, ট্র্যাপিজিয়াম সামান্তরিক (Parallelogram)

যে চতুর্ভুজের বিপরীত বাহুগুলো পরস্পর সমান ও সমান্তরাল কিন্তু কর্ণদ্বয় অসমান তাকে সামান্তরিক বলে।

চিত্রে, ABCD চতুর্ভুজের-


$AB \parallel CD$  |  $AD \parallel BC$   
 $AB = CD$  |  $AD = BC$

কিন্তু কর্ণ  $AC \neq$  কর্ণ  $BD$

∴ ABCD একটি সামান্তরিক

বৈশিষ্ট্য:

- ✓ বিপরীত বাহুগুলো পরস্পর সমান।



- ✓ বিপরীত কোণগুলো পরস্পর সমান। ( $\angle A = \angle C$ ;  $\angle B = \angle D$ )
- ✓ কর্ণদ্বয় অসমান।
- ✓ কর্ণদ্বয় পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে।
- ✓ ইহার দুইটি সন্নিহিত কোণ পরস্পরের সম্পূরক কোণ।  
 $\angle A + \angle B = \angle B + \angle C = \angle C + \angle D = \angle D + \angle A = 180^\circ$
- ✓ বৃত্তস্থ সামান্তরিক একটি আয়তক্ষেত্র।
- ✓ পরিসীমা = 2 (দৈর্ঘ্য + প্রস্থ) =  $2(a + b)$  একক
- ✓ ক্ষেত্রফল = (ভূমি  $\times$  উচ্চতা) বর্গ একক

### Practice Problem: সামান্তরিক

১. ABCD সামান্তরিকের P ও Q যথাক্রমে AB ও CD এর মধ্যবিন্দু। AQCP কোন ধরনের চতুর্ভুজ হবে?  
 ৩ সামান্তরিক ৩ আয়তক্ষেত্র ৩ বর্গক্ষেত্র ৩ রম্বস
২. ABCD সামান্তরিকের  $\angle A : \angle B = 4:5$  হলে,  $\angle C =$  কত?  
 ৩  $100^\circ$  ৩  $90^\circ$  ৩  $120^\circ$  ৩  $85^\circ$  ৩  $80^\circ$
৩. ABCD সামান্তরিকের  $\angle A = 75^\circ$  হলে,  $\angle B$  এর মান কত?  
 ৩  $105^\circ$  ৩  $95^\circ$  ৩  $85^\circ$  ৩  $125^\circ$
৪. সামান্তরিকের দুটি সন্নিহিত কোণের সমষ্টি কত?  
 ৩  $90^\circ$  ৩  $120^\circ$  ৩  $180^\circ$  ৩  $360^\circ$
৫. ABCD সামান্তরিকের  $\angle A : \angle B = 4:5$  হলে,  $\angle C =$  কত?  
 ৩  $40^\circ$  ৩  $50^\circ$  ৩  $80^\circ$  ৩  $100^\circ$
৬. একটি সামান্তরিকের ক্ষেত্রফল ১২ একক। উহার একটি কর্ণ = ৪ একক। অপর শীর্ষ হতে ঐ কর্ণের লম্ব দূরত্ব কত?  
 ৩ ৬ একক ৩ ৩ একক ৩ ৮ একক ৩ ৪ একক
৭. 1টি সামান্তরিকের ক্ষেত্রফল  $120 \text{ cm}^2$  এবং কর্ণ  $24 \text{ cm}$ । ঐ কর্ণের বিপরীত কৌণিক বিন্দু হতে উক্ত কর্ণের উপর লম্বের দৈর্ঘ্য কত? উত্তর : 5cm

### বর্গক্ষেত্র (Square)

যে চতুর্ভুজের চারটি বাহু পরস্পর সমান এবং কর্ণদ্বয় পরস্পর সমান তাকে বর্গক্ষেত্র বলে।


চিত্রে, ABCD চতুর্ভুজের-

$AB = BC = CD = DA = a$   
 এবং কর্ণ  $AC =$  কর্ণ  $BD$

∴ ABCD একটি বর্গক্ষেত্র

বৈশিষ্ট্য:

- ✓ চারটি বাহু পরস্পর সমান।
- ✓ প্রতিটি কোণ পরস্পর সমান।
- ✓ প্রতিটি কোণের পরিমাণ  $90^\circ$ ।
- ✓ কর্ণদ্বয় পরস্পর সমান।
- ✓ কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে।  
 $AO = BO = CO = DO$  এবং  $\angle AOB = \angle BOC = \angle COD = \angle DOA = 90^\circ$
- ✓ পরিসীমা =  $4 \times$  এক বাহুর দৈর্ঘ্য =  $4a$  একক
- ✓ কর্ণ =  $\sqrt{2} \times$  এক বাহুর দৈর্ঘ্য =  $\sqrt{2}a$  একক
- ✓ ক্ষেত্রফল = (বাহু) $^2$  =  $a^2$  বর্গ একক
- ✓ ক্ষেত্রফল =  $\frac{1}{2} \times$  (কর্ণ) $^2$  বর্গ একক। বর্গক্ষেত্রের কর্ণদ্বয় ৪টি সমান ত্রিভুজে বিভক্ত করে।



### রম্বস (Rhombus)

যে চতুর্ভুজের চারটি বাহু সমান কিন্তু কর্ণদ্বয় অসমান তাকে রম্বস বলে।

চিত্রে, ABCD চতুর্ভুজের...


$AB = BC = CD = DA = a$

কিন্তু কর্ণ  $AC \neq$  কর্ণ  $BD$

∴ ABCD একটি রম্বস

বৈশিষ্ট্য:

- ✓ চারটি বাহু পরস্পর সমান।
- ✓ বিপরীত কোণদ্বয় পরস্পর সমান।  
 $(\angle A = \angle C; \angle B = \angle D)$
- ✓ রম্বসের দুইটি সন্নিহিত কোণের সমষ্টি  $180^\circ$ ।  
 $\angle A + \angle B = 180^\circ; \angle B + \angle C = 180^\circ;$   
 $\angle C + \angle D = 180^\circ; \angle D + \angle A = 180^\circ$
- ✓ কর্ণদ্বয় অসমান।
- ✓ কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে।  
 $AO = CO; BO = DO$
- ✓  $\angle AOB = \angle BOC = \angle COD = \angle DOA = 90^\circ$
- ✓ পরিসীমা =  $4 \times$  এক বাহুর দৈর্ঘ্য =  $4a$  একক
- ✓ ক্ষেত্রফল =  $\frac{1}{2} \times$  কর্ণদ্বয়ের গুণফল =  $\frac{1}{2} \times (AC \times BD)$  বর্গ একক
- ✓ উচ্চতা =  $\frac{\text{ক্ষেত্রফল}}{\text{এক বাহুর দৈর্ঘ্য}}$  একক



### Practice Problem: বর্গক্ষেত্র ও রম্বস

৮. চারটি সমান রেখা দ্বারা কত প্রকারের চতুর্ভুজ আঁকা সম্ভব?  
 ৩ ৪ ৩ ৩ ২ ৩ ১
৯. একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য  $4\sqrt{2}$  একক হলে, ঐ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত বর্গ একক? [৩৬তম বিসিএস]  
 ৩ 24 ৩ ৪ ৩ 16 ৩ 32
১০. দুটি অসমান রেখা পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করলে তাদের প্রান্তবিন্দুগুলো পর্যায়ক্রমে যোগ করলে কী উৎপন্ন হয়?  
 ৩ আয়তক্ষেত্র ৩ বর্গক্ষেত্র ৩ সামান্তরিক ৩ রম্বস
১১. একটি রম্বসের কর্ণদ্বয় ২৪ সেমি. ও ১০ সেমি. হলে উহার পরিসীমা কত?  
 ৩ ৬০ সেমি. ৩ ৫২ সেমি. ৩ ৪৮ সেমি. ৩ ৬৪ সেমি.
১২. ১টি বর্গক্ষেত্রের পরিসীমা 400m। এর ক্ষেত্রফল কত বর্গ কিমি.?  
 উত্তর : .01 Km<sup>2</sup>
১৩. ১টি বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য 8m। বর্গক্ষেত্রের কর্ণের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত? উত্তর : 128 m<sup>2</sup>
১৪. বর্গক্ষেত্রের পরিসীমা এর কর্ণের দৈর্ঘ্যের কত গুণ? উত্তর :  $2\sqrt{2}$  গুণ
১৫. ১টি সরল রেখার উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল ঐ সরলরেখার  $\frac{1}{4}$  উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফলের কতগুণ? উত্তর : 16 গুণ
১৬. বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য 10% বৃদ্ধি করলে এর ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে? উত্তর : 21%
১৭. রম্বসের বাহুর দৈর্ঘ্য 17cm এবং একটি কর্ণের দৈর্ঘ্য 14cm হলে, এর ক্ষেত্রফল কত? উত্তর :  $56\sqrt{15} \text{ cm}^2$
১৮. রম্বসের বাহুর দৈর্ঘ্য 10cm। ১টি কর্ণের দৈর্ঘ্য 16 cm হলে, অপর কর্ণের দৈর্ঘ্য কত? উত্তর : 12cm
১৯. রম্বসের ১টি কর্ণ 16m ক্ষেত্রফল 240m হলে, অপর কর্ণের দৈর্ঘ্য ও পরিসীমা কত? উত্তর : 30m & 68m
২০. ১টি বর্গাকৃতি ক্ষেত্রের পরিসীমা 44m হলে, এর ক্ষেত্রফল কত? উত্তর : 121m<sup>2</sup>
২১. রম্বসের কর্ণদ্বয়ের মান 24 ও 18cm হলে, এর বাহুর দৈর্ঘ্য কত? উত্তর : 15cm


২২. রম্বসের কর্ণদ্বয় যথাক্রমে 10cm, 24cm হলে, এর পরিমাপ কত?

উত্তর : 52cm

২৩. রম্বসের কর্ণদ্বয় 10cm ও 24cm হলে, এর উচ্চতা কত? উত্তর : 9.24cm

### ট্রাপিজিয়াম (Trapezoid)

যে চতুর্ভুজের দুটি বাহু পরস্পর সমান্তরাল কিন্তু সমান নয় তাকে ট্রাপিজিয়াম বলে।



চিত্রে, ABCD চতুর্ভুজের...  
AD || BC  
কিন্তু AD ≠ BC  
... ABCD একটি ট্রাপিজিয়াম  
বৈশিষ্ট্য :

- ২২. সমান্তরাল বাহুদ্বয় কখনও সমান হতে পারে না।
- ২৩. সমান্তরাল বাহু ব্যতীত অপর দুটি বাহুকে তীর্যক বাহু বলে।
- ২৪. বৃত্তস্থ ট্রাপিজিয়ামের তীর্যক বাহুদ্বয় পরস্পর সমান হয়।
- ২৫. ক্ষেত্রফল =  $\frac{1}{2} \times (\text{সমান্তরাল বাহুদ্বয়ের যোগফল}) \times \text{উচ্চতা} = \frac{a+b}{2} \times h$  বর্গ একক। অর্থাৎ সমান্তরাল বাহুদ্বয়ের গড় ও উচ্চতার গুণফল।

### Practice Problem: ট্রাপিজিয়াম


২৪. ট্রাপিজিয়ামের কোণদ্বয়ের সমষ্টি কত?  
 (a) 180° (b) 360° (c) 540° (d) 720°
২৫. একটি ট্রাপিজিয়ামের ভূমি ও উচ্চতা যথাক্রমে ৮ মিটার ও ৪ মিটার এবং ক্ষেত্রফল ২৮ বর্গমিটার হলে ভূমির বিপরীত বাহুর দৈর্ঘ্য কত?  
 (a) ৪ মিটার (b) ৬ মিটার (c) ৮ মিটার (d) ৫ মিটার
২৬. ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য 12cm ও 18cm এবং এদের মধ্যবর্তী দূরত্ব 10cm হলে, উহার ক্ষেত্রফল কত? উত্তর : 150cm<sup>2</sup>
২৭. ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল 63m<sup>2</sup> এবং সমান্তরাল বাহু দুটির দৈর্ঘ্য 10 ও 8m হলে, উহার উচ্চতা কত? উত্তর : 7m

### Lecture-15

#### বৃত্ত ও বৃত্ত সম্পর্কিত উপপাদ্য

#### বৃত্ত (Circle)

বৃত্ত (Circle): দ্বিমাত্রিক কার্ভেটরীয় স্থানাঙ্কে একটি নির্দিষ্ট বিন্দুর চতুর্দিকে সমান দূরত্ব বজায় রেখে অপর একটি চলমান বিন্দুর সঞ্চার পথকে বৃত্ত বলে।  
 পরিধি (Circumference): বৃত্তের দৈর্ঘ্যকে উহার পরিধি বলে। (পরিমাপ)



চাপ/বৃত্তচাপ (Arc): পরিধির যে-কোনো অংশকে চাপ/বৃত্তচাপ বলে।

জ্যা (Chord): পরিধির যে-কোনো দুই বিন্দুর সংযোজক সরলরেখাকে বৃত্তের জ্যা বলে।

ব্যাস (Diameter): বৃত্তের কেন্দ্র দিয়ে গমনকারী জ্যাকে উহার ব্যাস বলে। বৃত্তের ব্যাসই বৃহত্তম জ্যা। [৩০তম বিসিএস]

ব্যাসার্ধ (Radius): বৃত্তের কেন্দ্র থেকে পরিধির যে-কোনো বিন্দুর দূরত্বকে উহার ব্যাসার্ধ বলে।

বৃত্তের সাধারণ সমীকরণ :  $(x - h)^2 + (y - k)^2 = r^2$  কেন্দ্রের স্থানাঙ্ক (h, k), ব্যাসার্ধ = r

সূত্র :

- ২৪. বৃত্তের ব্যাসার্ধ = r একক
- ২৫. বৃত্তের ব্যাস = 2r একক
- ২৬. বৃত্তের পরিধি = 2πr একক
- ২৭. বৃত্তের ক্ষেত্রফল = πr<sup>2</sup> বর্গ একক

### বৃত্ত সম্পর্কিত উপপাদ্য

কেন্দ্র ও জ্যা সম্পর্কীয় :

১. বৃত্তের কেন্দ্র থেকে সমদূরবর্তী সকল জ্যা পরস্পর সমান।



চিত্রে, OP = OQ  
∴ AB = CD

২. বৃত্তের কেন্দ্র থেকে যে-কোনো জ্যা-এর উপর অঙ্কিত লম্ব ঐ জ্যা-কে সমবিভক্ত করে।



চিত্রে, OC ⊥ AB  
∴ AC = BC

৩. দুই বা ততোধিক জ্যা পরস্পরকে সমবিভক্ত করলে তাদের হেদবিন্দু কেন্দ্রে অবস্থিত হয়।



চিত্রে, AO = BO এবং CO = DO  
∴ O, বৃত্তের কেন্দ্র

কেন্দ্রস্থ ও বৃত্তস্থ কোণ সম্পর্কীয় :

৪. একই চাপের উপর দৃশ্যমান বৃত্তস্থ কোণগুলো পরস্পর সমান।



৫. একই চাপের উপর দৃশ্যমান বৃত্তস্থ কোণ কেন্দ্রস্থ কোণের অর্ধেক।



চিত্রে, ∠ACB =  $\frac{1}{2}$  ∠AOB  
∴ ∠AOB = 2∠ACB

স্পর্শক সম্পর্কীয় উপপাদ্য :

৬. দুইটি বৃত্ত পরস্পরকে স্পর্শ করলে তাদের কেন্দ্রদ্বয় ও স্পর্শবিন্দু সমরেখ হলে।



৭. দুইটি বৃত্ত পরস্পরকে বহিঃস্থভাবে স্পর্শ করলে তাদের কেন্দ্রদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব তাদের ব্যাসার্ধদ্বয়ের যোগফলের সমান।




$C_1 C_2 = r_1 + r_2$

৮. দুইটি বৃত্ত পরস্পরকে অন্তঃস্থভাবে স্পর্শ করলে তাদের কেন্দ্রদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব তাদের ব্যাসার্ধদ্বয়ের বিয়োগফলের সমান।



$C_1 C_2 = r_1 - r_2$


৯. দুইটি বৃত্ত পরস্পরকে বহিঃস্থভাবে স্পর্শ করলে, তিনটি সাধারণ স্পর্শক অঙ্কন করা যাবে।



১০. দুইটি বৃত্ত পরস্পরকে অন্তঃস্থভাবে স্পর্শ করলে ১টি সাধারণ স্পর্শক অঙ্কন করা যাবে।




১১. দুইটি বৃত্ত পরস্পরকে স্পর্শ না করলে, ৪টি সাধারণ স্পর্শক অঙ্কন করা যাবে।




১২. দুইটি বৃত্ত পরস্পরকে ছেদ করলে ২টি সাধারণ স্পর্শক অঙ্কন করা যাবে।



১৩. বৃত্তের বহিঃস্থ কোন বিন্দু থেকে কেবল মাত্র দুটি স্পর্শক অঙ্কন করা যাবে এবং স্পর্শকদ্বয় পরস্পর সমান হবে।




১৪. বৃত্তের বহিঃস্থ কোন বিন্দু থেকে অঙ্কিত স্পর্শক, স্পর্শবিন্দুসমী ব্যাসার্ধের উপর লম্ব।



অন্তর্লিখিত সম্পর্কীয় উপপাদ্য :


১৫. বৃত্তের অন্তর্লিখিত চতুর্ভুজের বিপরীত কোণদ্বয়ের সমষ্টি 180° বা 2 সমকোণ।



∴ ∠A + ∠C = 180°  
এবং ∠B + ∠D = 180°

১৬. বৃত্তস্থ সামান্তরিক একটি আয়তক্ষেত্র।


ধরি, ABCD সামান্তরিক  
∴ ∠A = ∠C, ∠B = ∠D  
এখন, ∠A + ∠C = 180°  
[∵ ABCD বৃত্তস্থ সামান্তরিক]  
⇒ ∠A + ∠A = 180°



⇒ 2∠A = 180°  
∴ ∠A = 90°  
∴ ∠A = ∠C = 90°

একইভাবে, ∠B = ∠D = 90°  
∴ ABCD একটি আয়তক্ষেত্র


১৭. বৃত্তস্থ ট্রাপিজিয়ামের তীর্যক বাহুদ্বয় পরস্পর সমান।



∴ AB = CD

১৮. বৃত্তস্থ চতুর্ভুজের যে-কোনো বহিঃস্থ কোণ বিপরীত অন্তঃস্থ কোণের সমান।

∴ ABCD বৃত্তস্থ চতুর্ভুজ  
∴ ∠ABC + ∠ADC = 180°  
এখন, ∠ADC = 80° হলে  
∠ABC = 100°  
আবার, ∠ADE = 100°  
[∵ ∠ADC + ∠ADE = 180°]  
∴ ∠ADE = ∠ABC



### Practice Problem: বৃত্ত ও বৃত্ত সম্পর্কিত উপপাদ্য

১. O কেন্দ্র বিশিষ্ট বৃত্তে AB জ্যা এর মধ্যবিন্দু C হলে কোনটি সত্য?  
 (a) AC=BC (b) AC=OC (c) BC=OC (d) AC > BC
২. 3cm ও 5cm ব্যাসার্ধ বিশিষ্ট দুইটি এককেন্দ্রিক বৃত্তের বৃহত্তরটির একটি জ্যা ক্ষুদ্রতরটির স্পর্শক হলে ঐ জ্যা এর দৈর্ঘ্য—  
 (a) 4cm (b) 6cm (c) 8cm (d) 9cm
৩. কোন বৃত্তের ব্যাসার্ধ ৩.৫ সেমি. হলে, তার বৃহত্তর জ্যা এর দৈর্ঘ্য কত?  
 (a) ৩.৫ সেমি. (b) ৫ সেমি. (c) ৬ সেমি. (d) ৭ সেমি.
৪. দুইটি বৃত্ত পরস্পরকে বহিঃস্থভাবে স্পর্শ করলে কয়টি সাধারণ স্পর্শক অঙ্কন করা যায়—  
 (a) ১ (b) ২ (c) ৩ (d) ৪
৫. 13cm ব্যাসার্ধ বিশিষ্ট কোন বৃত্তের কেন্দ্র থেকে 24cm দীর্ঘ জ্যা এর উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য কত? [৩৭তম বিসিএস]  
 (a) ৫ (b) ৬ (c) ৪ (d) 3
৬. জিহ্বা অনুসারে O কেন্দ্র বিশিষ্ট বৃত্তে ΔABC অন্তর্লিখিত। ∠y = 112° হলে, ∠x = কত? [৩৬তম বিসিএস]



(a) 68° (b) 34° (c) 45° (d) 39°

৭. O কেন্দ্র বিশিষ্ট বৃত্তের বহিঃস্থ কোন বিন্দু A হতে বৃত্তটির উপর AP কে-কোনো স্পর্শক। ∠PAO = 30° হলে, ∠AOP = কত?  
 (a) 180° (b) 30° (c) 90° (d) 60°

৮. কোন গাড়ির সামনের চাকার পরিধি ৩ মিটার এবং পিছনের চাকার পরিধি ৪ মিটার হলে, গাড়িটি কত পথ চলেলে সামনের চাকা পিছনের চাকার চেয়ে ১০০ বার বেশি ঘুরবে।  
 (a) ১.০ কিমি. (b) ১.৫ কিমি. (c) ১.২ কিমি. (d) ১.৪ কিমি.

৯. ABCD কোন বৃত্তের একটি বৃত্তস্থ চতুর্ভুজ। অতএব—  
 (a) ∠A = 180° - ∠B (b) ∠C = 180° - ∠B  
 (c) ∠D = 180° + ∠B (d) ∠B = 180° - ∠D

১০. বৃত্তস্থ সামান্তরিক একটি—  
 (a) রম্বস (b) আয়তক্ষেত্র (c) বর্গক্ষেত্র (d) ট্রাপিজিয়াম


১১. দুইটি বৃত্ত পরস্পরকে অন্তঃস্থভাবে স্পর্শ করেছে। তাদের একটির ব্যাসার্ধ ৪ সেমি. ও কেন্দ্রদ্বয়ের দূরত্ব ৭ সেমি. হলে, অপর বৃত্তের ব্যাসার্ধ কত?  
 (a) ৩ সেমি. (b) ৩.৫ সেমি. (c) ১১ সেমি. (d) ৫.৫ সেমি.

১২. একটি বৃত্তের ব্যাস ও পরিধির পার্থক্য ৬০ সেমি. হলে, উহার ব্যাসার্ধ কত?  
 (a) ১৪ সেমি. (b) ২৮ সেমি. (c) ২৪ সেমি. (d) ২১ সেমি.

১৩. 15 সে.মি ব্যাসার্ধ বিশিষ্ট কোনো বৃত্তের কেন্দ্র হতে একটি জ্যা এর উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য 9 সে.মি. হলে, ঐ জ্যা এর দৈর্ঘ্য কত?  
 ● 24 সে.মি. ● 12 সে.মি. ● 16 সে.মি. ● 18 সে.মি.  
 ১৪. ABCD চতুর্ভুজটি বৃত্তে অন্তর্লিখিত।  $\angle A = 75^\circ$  হলে,  $\angle C = ?$   
 ●  $15^\circ$  ●  $75^\circ$  ●  $105^\circ$  ●  $125^\circ$

১৫. কোন গাড়ির সামনের চাকার ব্যাসার্ধ  $\frac{9}{\pi}$  এবং পিছনের চাকার ব্যাসার্ধ  $\frac{8}{\pi}$  একক হলে গাড়িটি কত পথ চললে সামনের চাকা পিছনের চাকার চেয়ে 1৫ বার বেশি ঘুরবে।  
 ● ১২০ ● ১৫০ ● ১৮০ ● ৩৬০

১৬. O কেন্দ্র বিশিষ্ট বৃত্তে x কোণের মান কত? [৪৩তম বিসিএস]



- $54^\circ$  ●  $72^\circ$  ●  $108^\circ$  ●  $126^\circ$

১৭. একটি বৃত্তচাপ কেন্দ্রে  $60^\circ$  কোণ উৎপন্ন করে। বৃত্তের ব্যাস 12cm হলে, বৃত্তচাপের দৈর্ঘ্য কত? [৪৫তম বিসিএস]  
 ●  $4\pi$  ●  $3\pi$  ●  $2\pi$  ●  $\pi$   
 ১৮. বৃত্তের ব্যাসাধ 3 গুণ করলে ক্ষেত্রফল কতগুণ হবে? উত্তর: 9 গুণ  
 ১৯. বৃত্তের ক্ষেত্রফল 16 গুণ করলে বৃত্তের ব্যাস কত গুণ হবে? উত্তর: 4 গুণ  
 ২০. বৃত্তের ব্যাস 20% বৃদ্ধি করলে ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে? উত্তর: 44%  
 ২১. 1টি বাহকে ব্যাসার্ধ ধরে অঙ্কিত বৃত্তের ক্ষেত্রফল ঐ বাহুটির  $\frac{1}{3}$  অংশের উপর অঙ্কিত বৃত্তের ক্ষেত্রফলের কতগুণ? উত্তর: 9 গুণ  
 ২২. বৃত্তের ব্যাসাধ 10% হ্রাস করলে ক্ষেত্রফল শতকরা কত হ্রাস পাবে? উত্তর: 19%

### Lecture -16

